# Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 19 April, 2025

যারা দেশকে ভালোবাসে তারা দেশ ছেড়ে পালায় না, এমন মন্তব্য করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান।তিনি বলেন, ফ্যাসিবাদিদের পতন হয়েছে কিন্তু ফ্যাসিবাদরা বিদায় হয়নি।

শনিবার (১৯ এপ্রিল) সকালে লালমনিরহাটের কালেক্টরেট মাঠে তিস্তা মহাপরিকল্পনা দ্রুত বাস্তাবায়ন, আওয়ামী লীগের বিচার, বৈষম্যমুক্ত রাষ্ট্র বিনির্মাণে প্রয়োজনীয় সংস্কার ও নির্বাচন এবং ন্যায় ও ইনসাফভিত্তিক বাংলাদেশ গড়ার লক্ষ্যে জামায়াতে ইসলামীর জনসভায় তিনি এসব কথা বলেন।

জামায়াতে ইসলামীর আমির বলেন, গত ১৫ বছর জনগণের মুখের ভাষা কেড়ে নিয়ে বাংলাদেশকে জীবন্ত কারাগারে পরিণত করা হয়েছিল। কেউ কিছু বলতে পারেনি, তাই অন্যায়ের রাজত্ব কায়েম হয়েছে।

আগামীর শাসন ব্যবস্থা নিয়ে ডা. শফিকুর রহমান বলেন, রাষ্ট্র বাধ্য করছে কর্মকর্তা ও কর্মচারীদের দুর্নীতি করতে।জামায়াতে ইসলামী ক্ষমতায় গেলে মহিলাদের সম্মান ও নিরাপত্তা দুটি নিশ্চিত হবে।

জনসভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল মাওলানা আবদুল হালিম, কেন্দ্রীয় কর্মপরিষদের সদস্য অধ্যক্ষ মাওলানা মমতাজ উদ্দিন ও অধ্যাপক মাহবুবুর রহমান বেলালসহ লালমনিরহাট জেলা শাখার বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

মাওলানা আব্দুল হালিম বলেন, বিগত দিনে আলেমরা প্রতিহিংসার শিকার হয়েছে; দাড়ি-টুপি দেখলেই জেলে ভরে দিতেন ফ্যাসিস্ট আওয়ামী লীগ সরকার।এমন অবস্থা আমরা আর চাই না।

জামায়াত ইসলামী লালমনিরহাট ফ্যাসিবাদ আওয়ামী লীগ

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 10:31

URL: https://www.timestodaybd.com/public/bangladesh/7758071042